

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

সাধারণ সেবা বিভাগ

প্রধান কার্যালয়ঃ ২০, দিলকুশা, ঢাকা -১০০০

তারিখ: ০৩-০১-২০২২

নিলাম বিজ্ঞপ্তি

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড প্রধান কার্যালয়, ঢাকার ১০, মোমিনবাগ, শাহজাহানপুর, ঢাকায় রক্ষিত ০৯(নয়) টি পুরাতন এয়ার কুলার (যেখানে যে অবস্থায় আছে) বিক্রি করা হবে। উক্ত পুরাতন এয়ার কুলারগুলো ক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে পূর্ণ নাম ঠিকানা, মোবাইল নাম্বারসহ দরপত্র আহ্বান করা যাচ্ছে। পুরাতন এয়ার কুলারগুলোর বিবরণ ও সংখ্যা নিম্নরূপঃ

Sl No	Name of the Item	Qty(set)	Cap (Ton) set	Sl No	Name of the Item	Qty(set)	Cap (Ton) set
1	Air Cooler	1	4	6	Air Cooler	1	2
2	Air Cooler	1	4	7	Air Cooler	1	2
3	Air Cooler	1	4	8	Air Cooler	1	2
4	Air Cooler	1	4	9	Air Cooler	1	1
5	Air Cooler	1	3				

ক) আগামী ০৩/০১/২০২২ ইং তারিখ থেকে ১৭/০১/২০২২ ইং সকাল ১২.৩০ ঘটিকা পর্যন্ত ব্যাংকের সাধারণ সেবা বিভাগ থেকে দরপত্রের প্রতিটি সিডিউল ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে/সাদা কাগজে আবেদন করে সংগ্রহ করা যাবে।

খ) আগ্রহী দরপত্র দাতাগণ ব্যাংকের প্রধান কার্যালয়ের ১০,মোমিনবাগ, শাহজাহানপুর, ঢাকায় রক্ষিত ০৯ (নয়)টি পুরাতন এয়ার কুলারগুলো সরেজমিনে পরিদর্শন করতে পারেন।

গ) দরপত্র জমাদান, খোলার তারিখ ও সময়ঃ বিজ্ঞপ্তির তারিখ থেকে আগামী ১৭-০১-২০২২ ইং দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, প্রধান কার্যালয়, ৪০, দিলকুশা, ইসলামী ব্যাংক টাওয়ার (১ম তলা), ইন্জিনিয়ারিং ডিভিশন, ৬৩, দিলকুশা (৫ম তলা) এবং সাধারণ সেবাবিভাগ, ২০, দিলকুশা (৭ম তলা) এ জমা নেয়া হবে এবং ঐ দিনই দুপুর ৩.০০ ঘটিকা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, সাধারণ সেবা বিভাগ, ২০,দিলকুশায় (৭ম তলা) দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

ঘ) দরপত্রের সাথে সংযুক্তিঃ উক্ত দরপত্রের সাথে জামানত হিসেবে, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড বরাবরে যে কোন তফশীলী ব্যাংক থেকে উদ্ধৃত মূল্যের ১০% হারে পে-অর্ডার জমাদান করতে হবে, যা ব্যাংকের নিকট সংরক্ষিত থাকবে এবং সফল দরদাতার ক্রয়মূল্যের সাথে সমন্বয় করা হবে। অন্যান্য দরপত্র দাতাগণের পে-অর্ডার, সফল দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের পর ফেরৎ প্রদান করা হবে।

উক্ত ক্রয় মূল্যের উপর ট্যাক্স, ভ্যাট ও অন্যান্য কর সরকারী বিধি মোতাবেক প্রদান করতে হবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অনুমোদিত কর্মকর্তা